পালানোর সময় জুতা পরারও সময় পাননি আশরাফ গনি!

চেম্বার ডেস্ক:: আফগানিস্তান থেকে পালানোর সময় জুতা পরারও সময় পাননি দেশটির সদ্য ক্ষমতাচ্যূত প্রেসিডেন্ট আশরাফ গনি। তালেবান ক্ষমতা দখলের পর প্রথমবারের মতো এক ভিডিও বার্তায় এ কথা জানিয়েছেন তিনি।

পালানোর সময় গনি চার গাড়ি ভর্তি নগদ অর্থ সাথে নিয়েছিলেন বলে এক রাশিয়ান কূটনীতিকের বরাত দিয়ে গণমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছিল।

এই দাবি ‘ভিত্তিহীন’ বলে উড়িয়ে দিয়েছেন গনি।

এ ব্যাপারে তিনি জানান, সেদিন প্রেসিডেন্ট প্যালেসে ঢুকে প্রতিটি কক্ষে তাকে খুঁজেছে তালেবান সদস্যরা। এমন পরিস্থিতিতে জীবন বাঁচাতে প্রেসিডেন্টের নিরাপত্তা টিমের সদস্যরা তাকে দেশ ছাড়ার জন্য চাপ দিতে থাকে। ফলে নিরাপত্তাজনিত কারণে সম্পদ এবং গোপন নথিপত্র ফেলে রেখেই তিনি কাবুল ছাড়তে বাধ্য হন।

পালানোর সময় পোশাক পরিবর্তনের সময় পাননি বলে ভিডিও বার্তায় দাবি করেছেন গনি।

তিনি বলেন, শুধু পরনের ঐহিত্যবাহী পোশাক পরে পালতে বাধ্য হয়েছিলেন। এমনকি জুতা পরার জন্যও সময় পাননি তিনি। স্যান্ডেল পরেই প্রেসিডেন্ট প্যালেস ছেড়েছিলেন গনি।

চাপের মুখে দেশ ছাড়লেও আফগানিস্তানে ফেরার ইচ্ছার কথাও জানান ক্ষমতাচ্যুত এই প্রেসিডেন্ট।

তালেবান কাবুল ঘিরে ফেললে সেখান থেকে পালিয়ে প্রথমে তাজাকিস্তানে যাওয়ার চেষ্টা করেছিলেন আফগানিস্তানের সদ্য ক্ষমতাচ্যূত প্রেসিডেন্ট আশরাফ গনি। সেখানে আশ্রয় না পেয়ে বিমান ঘুরিয়ে ওমান পৌঁছান তিনি। সেখান থেকে তার সর্বশেষ অবস্থান নিশ্চিত হওয়া যাচ্ছিল না। তবে তিনি পরিবার নিয়ে সংযুক্ত আরব আমিরাতে অবস্থান করছেন বলে বুধবার গণমাধ্যমের প্রতিবেদনে বলা হয়।